# B.A. 4th Semester (General) Examination, 2022 (CBCS)

## Subject: Bengali

## Course: CC -1D / 2D / GE-4

**Time: 3hrs.** **Full Marks: 60**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

**১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :** **২x১০ =২০**

ক) ভাষা কাকে বলে?

খ) ভাষা-সম্প্রদায় বলতে কী বোঝো?

গ) চারটি কৃতঋণ শব্দের উদাহরণ দাও।

ঘ) কেন্দ্রীয় উপভাষা কাকে বলে?

ঙ) প্রাচীন বাংলা ভাষার কালসীমা উল্লেখ করো।

চ) প্রাদেশিক শব্দ কাকে বলে?

ছ) অর্ধতৎসম শব্দ কী?

জ) বাংলা ভাষার অন্ত্য-মধ্যযুগের কালসীমা উল্লেখ করো।

ঝ) আধুনিক বাংলা ভাষার দুটি সাধারণ বৈশিষ্ট্য লেখো।

ঞ) কামরূপী উপভাষার দুটি বৈশিষ্ট্য লেখো।

ট) মৌলিক শব্দভাণ্ডারের শ্রেণি বিন্যাস করো।

ঠ) আরবি ভাষা থেকে বাংলা ভাষার শব্দভাণ্ডারে স্থান পেয়েছে, এরকম দুটি শব্দের উল্লেখ করো।

ড) দেশি শব্দ কাকে বলে?

ঢ) ইংরেজি Lime-light থেকে বাংলায় পাদপ্রদীপ –শব্দটি কী জাতীয় পরিবর্তন ঘটেছে?

**২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :** **৫x৪=২০**

ক) বরেন্দ্রী উপভাষার অঞ্চল নির্দেশ করে যে-কোনো চারটি বৈশিষ্ট্য লেখো।

খ) প্রাচীন বাংলা ভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

গ) বাংলা ভাষায় গৃহীত অনুদিত-কৃতঋণ শব্দ সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।

ঘ) বাংলা ভাষার সাধুরীতির পাঁচটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

ঙ) ঝাড়খণ্ডী উপভাষার দৃষ্টান্তসহ পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

চ) ভাষা ও উপভাষার পার্থক্য নিজের ভাষায় লেখো।

**৩। যে-কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও :** **১০x২=২০**

ক) বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস সংক্ষেপে লেখো।

খ) রাঢ়ী উপভাষার অঞ্চল নির্দেশ করে উদাহরণসহ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

গ) আদি-মধ্যযুগের বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ লেখো।

ঘ) বাংলা ভাষার মৌলিক শব্দ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।